দৈনিক সংবাদ :

তারিখ 23 MAY 1992
পৃষ্ঠা 4 কলাম 7

10

# অবৈধ বাসস্ট্যাণ্ড এবং চট্টগ্রামের তিনটি স্কুল

চট্টগ্রাম শহরের কেন্দ্রস্থলে অবস্থিত ঐতিহ্যবাহী তিনটি স্কুলের পাঁচহাজার ছাত্রছাত্রীদের লেখাপড়া বন্ধ হওয়ার উপক্রম হয়েছে বলে পত্রান্তরে আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

অপর্ণাচরণ বালিকা বিদ্যালয়, কৃষ্ণকুমারী জুনিয়র স্কুল এবং মিউনিসিপ্যাল উচ্চ বিদ্যালয়ের পাশে অবৈধভাবে গড়ে উঠেছে কক্সবাজারগামী বাস ও কোস্টার স্ট্যাণ্ড। দিনরাত বাস ও কোস্টার দাঁড়িয়ে থাকে। শুধু যাত্রী নয়, চোরাচালানের মালামাল ওঠানামা করে। বসানো হয়েছে অবৈধ দোকানপাট। বাস স্ট্যাণ্ড কেন্দ্র করে গড়ে ওঠেছে মাস্তান চক্র, চাঁদাবাজ গ্রুপ। পরিবহন শ্রমিক, যাত্রী ও মাস্তানদের মধ্যে সংঘর্ষ লেগেই আছে। এসবের ফলে বিশেষ করে ছাত্রীদের মধ্যে নিরাপত্তাবোধের অভাব। স্কুল তিনটিতে আতঙ্ক। শিক্ষার পরিবেশ বিপন্ন। ইতোমধ্যে নিরাপত্তাজনিত কারণে অপর্ণাচরণ স্কুলের ৭৮ জন ছাত্রী নাকি স্কুল ছেড়ে চলে গেছে।

আইন-শৃঙ্খলা কর্তৃপক্ষের চোখের সামনে নির্ধারিত জায়গার বদলে স্কুলে পাশে বাস স্ট্যাণ্ড গড়ে উঠেছে। চোরাচালান বিরোধী অভিযানের হাঁকডাক সত্ত্বেও অবৈধ বাস স্ট্যাণ্ডকে কেন্দ্র করে চোরাচালানীদের আখড়া গড়ে উঠেছে। অভিযোগ করা হচ্ছে, আইন শৃঙ্খলা কর্তৃপক্ষ মুখ ফিরিয়ে আছেন।

দেশের অন্যসব বৈধ ও অবৈধ বাসস্ট্যাণ্ডের মত এখানেও আছে কায়েমী স্বার্থ ও স্বার্থসংঘাত। বাসমালিক ও শ্রমিকদের একটি সূত্র নাকি জানিয়েছে, অবৈধ বাসস্ট্যাণ্ডের জন্য একটি 'বিশেষ প্রতিষ্ঠানকে' মাসে ৫০ হাজার এবং মাস্তান গ্রুপকে আরও ৫০ হাজার টাকা দিতে হয়। যেখানে এত টাকার খেলা সেখান থেকে বাসস্ট্যাণ্ড তুলে দেয়া কঠিন হয়ে পড়েছে।

আপাতদৃষ্টিতে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চট্টগ্রাম পৌর ও পুলিশ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে ব্যর্থ হয়েছেন। চট্টগ্রাম শিক্ষক সমিতি, চট্টগ্রাম উন্নয়ন সংগ্রাম কমিটি, বিভিন্ন রাজনৈতিক ও ছাত্র সংগঠন এই বাস স্ট্যাণ্ড উঠিয়ে দেয়ার দাবী জানিয়েছেন। স্কুলের ছাত্রছাত্রীরা নাচার হয়ে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর 'সহানুভূতি কামনা' করেছেন। পরিস্থিতির কতটা অবনতি হলে এই ধরণের আবেদন নিবেদনের আশ্রয় নেয়া হয়, কর্তৃপক্ষ ভেবে দেখবেন কি?

চট্টগ্রামের জনপ্রতিনিধিরা এবং ভুক্তভোগী ছাত্রছাত্রীরা একটি অবৈধ আখড়া উচ্ছেদের দাবী করেছেন। সরকারের হাতে আইনের দণ্ড থাকা সত্ত্বেও এই কাজে দ্বিধাদ্বন্দ্ব কেন, তার একটা জবাবদিহি প্রয়োজন। বহদ্দার হাটে বিপুল ব্যয়ে একটি বাস টার্মিনাল নির্মাণ করা হয়েছে। কক্সবাজার ও টেকনাফগামী বাস-কোস্টারের আড্ডা সেখানেই হওয়া উচিত। স্থায়ী সমাধানের উপায় হাতে থাকতেও শহরের কেন্দ্রস্থলে তিনটি স্কুলের পরিবেশ দূষিত করা কেন?

চট্টগ্রামের জনসাধারণের সঙ্গে সঙ্গে আমরাও এ ব্যাপারে কর্তৃপক্ষের সুস্পষ্ট বক্তব্যের অপেক্ষায় থাকলাম।